

ঢাকা ভাসিটির দুটি হলের নির্মাণকাজ শুরু করার নির্দেশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর ও সিন্ডিকেট সদস্যগণ রোববার বসভবনে প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদের সঙ্গে সাক্ষাৎ করেন।

প্রেসিডেন্ট এরশাদ তাঁদের কাছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের আবাসিক সমস্যার বিষয়ে খোঁজ-খবর নেন এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের আবাসিক সমস্যার সমাধান করতে দুটি আবাসিক হল নির্মাণের কাজ হাতে নেয়ার নির্দেশ দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরকে প্রেসিডেন্ট এরশাদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রদের বিশ্ববিদ্যালয়ে আসা-যাওয়ার জন্যে চারটি বাস ও দুটি মাইকেল বাস দেয়ার জন্যে নির্দেশ দেন।

বাসসর এ খবরে উল্লেখ করা হয় (শেষ পৃঃ ৩-এর ৫-এ দ্রঃ)

নির্দেশ

১-এর পর
যে উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের পঞ্চবার্ষিক বিশেষ উন্নয়ন পরিষদের প্রেসিডেন্টের কাছে সর্বি-স্তারে ব্যাখ্যা করেন। এ সময় শিক্ষা মন্ত্রী ডক্টর আবদুল মজিদ খান সেখানে উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্টের গাণ ভাইবলে নাজি-মুদ্দীন রোডের আনোয়ারা বেগম গার্লস স্কুলের ছাত্রীরা ১০ হাজার টাকা দান করেছেন। রোববার বসভবনে গিয়ে 'ওই স্কুলের একজন ছাত্রী প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদের হাতে উক্ত টাকা হস্তান্তর করেন।